

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
অডিট শাখা-২,
www.mor.gov.bd
১৬ আব্দুল গণি রোড, রেলভবন, ঢাকা-১০০০

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০০০.০৩৮.০৩.০০২২.২৫.১০৪

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩
১১ জুন ২০২৬

বিষয়: Exim Bank of China এর সহায়ত বাস্তবায়নাধীন Padma Bridge Rail Link Project প্রকল্পের শুরু হতে
২০২৩-২০২৪ অর্থ বছরের এসএফআইভুক্ত অনুচ্ছেদ নং-১৬ বিএস জবাবের উপর মন্তব্য প্রদান।

সূত্র: (০১) বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অডিট অধিদপ্তরের স্মারক নং-৮২,০৮.০০০০.৫৫২.৫৪.০২৪.২৫-১৩৬, তারিখ:
১৩.০৫.২০২৬ খ্রিঃ।
(০২) রেলপথ মন্ত্রণালয় এর স্মারক নং- ৫৪.০০.০০০০.০০০.০৩৮.০৩.০০২২.২৫.২০৪;
তারিখ ১৯.১০.২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নিম্নে বর্ণিত অডিট আপত্তিটির বিষয়ে বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অডিট অধিদপ্তর (FAPAD) এর মন্তব্য
নিম্নরূপ:

অনু-১৬: পদ্মা সেতু বেল সংযোগ প্রকল্প প্রয়োজনের অতিরিক্ত অর্থ
ডিএসসিসি কে প্রদানের মাধ্যমে উক্ত অর্থ ডিএসসিসি কর্তৃক ব্যাংকে
স্থায়ী আমানত (FDR) রাখায় প্রকল্পের ব্যয় বৃদ্ধি ২০,০০,০০,০০০.০০
(বিশ কোটি) টাকা।
মন্তব্য: স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা-৭০ ও
৭১ অনুসারে আপত্তিটি নিষ্পত্তি করা হলো।

০২। এমতাবস্থায়, বিষয়ে বর্ণিত অডিট আপত্তিটি নিষ্পত্তি হওয়ায় এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে এ মন্ত্রণালয়কে অবহিত
করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।



১১-০৬-২০২৬
হোসনে আরা
উপসচিব

মহাপরিচালক
মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০০০.০৩৮.০৩.০০২২.২৫.১০৪/১ (৬)

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩
১১ জুন ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অডিট অধিদপ্তর।
- ২। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ৩। Project Director, Padma Bridge Rail Link Project, Bangladesh Railway, Railbhaban, Dhaka।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়।
- ৬। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (অডিট ও আইসিটি অনুবিভাগ), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।



১১-০৬-২০২৬

হোসনে আরা
উপসচিব

মুদ্রাণ (আইডি ও আনুমানিক) সম্মাননা পর পত্র
যুগ্মসচিব (অডিট)
উপসচিব (অডিট-১/২)
সিনিয়র সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার
ডায়েরী নং- ৫২৩
তারিখ: ২১/০৫/১৮

মহাপরিচালকের কার্যালয়
বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (৭ম তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.fapad.org.bd

রেলপথ মন্ত্রণালয়, সচিবের দপ্তর
অতিরিক্ত সচিব- প্রাঃ/উন্নঃ/শরিঃ/বাজেট/অডিট/আইন
যুগ্মসচিব- প্রাঃ-১/প্রাঃ-২/উন্নঃ/শরিঃ/বাজেট/অডিট/আইন/কৃষি
একান্ত সচিব/ফটোকপি অফিসার/ডিজি-কমার
নথিতে উপস্থাপন করুন
প্রয়োজনীয় ব্যবস্থা দিন
আলোচনা করুন
সচিবের স্বাক্ষর

নম্বর: ৮২.০৮.০০০০.৫৫২.৫৪.০২৪.২৫-১৩৬

বিষয়: Exim Bank of China এর সহায়ত বাস্তবায়নধীন "Padma Bridge Rail Link Project" প্রকল্পের শুরু হতে ২০২৩-২০২৪ অর্থ বছরের এসএফআইডুক্ত অনুচ্ছেদ নং-০১, ০২, ০৩, ০৪, ০৫, ০৬, ০৭, ০৮, ০৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩ ও ৩৪ বিএস জবাবের উপর মন্তব্য প্রদান।

- সূত্র: স্মারক নং-(১) ৫৪.০০.০০০০.০০০.০৩৮.০৩.০০২২.২৫. (অংশ-১).২১৯, তারিখ: ০৬.১১.২০২৫ খ্রি। (অনুঃ ০৭)
(২) ৫৪.০০.০০০০.০০০.০৩৮.০৩.০০২২.২৫.২১৬, তারিখ: ০৫.১১.২০২৫ খ্রি। (অনুঃ ১৩,৩০,৩১,৩২,৩৩,৩৪)
(৩) ৫৪.০০.০০০০.০০০.০৩৮.০৩.০০২২.২৫.২০৪, তারিখ: ১৯.১০.২০২৫ খ্রি। (অনুঃ ১৫,১৬,২৪,২৫,২৬,২৭,২৯)
(৪) ৫৪.০০.০০০০.০০০.০৩৮.০৩.০০২২.২৫.১৭১, তারিখ: ১০.০৯.২০২৫ খ্রি। (অনুঃ ২৩)
(৫) ৫৪.০০.০০০০.০০০.০৩৮.০৩.০০২২.২৫.২৩২, তারিখ: ১৮.১১.২০২৫ খ্রি। (অনুঃ ০৩, ০৪, ০৯, ১৮)
(৬) ৫৪.০০.০০০০.০০০.০৩৮.০৩.০০২২.২৫.২৩৩, তারিখ: ১৭.১১.২০২৫ খ্রি। (অনুঃ ০৮, ১১)
(৭) ৫৪.০০.০০০০.০০০.০৩৮.০৩.০০২২.২৫. (অংশ-২).২৩১, তারিখ: ১২.১১.২০২৫ খ্রি। (অনুঃ ১৭)
(৮) ৫৪.০০.০০০০.০০০.০৩৮.০৩.০০২২.২৫. ২০৮, তারিখ: ২৬.১০.২০২৫ খ্রি। (অনুঃ ২৮)
(৯) ৫৪.০০.০০০০.০০০.০৩৮.০৩.০০২২.২৫.২৫২, তারিখ: ০১.১২.২০২৫ খ্রি। (অনুঃ ০৬)
(১০) ৫৪.০০.০০০০.০০০.০৩৮.০৩.০০২২.২৫. (অংশ-১).২৪৯, তারিখ: ৩০.১১.২০২৫ খ্রি। (অনুঃ ২৮)
(১১) ৫৪.০০.০০০০.০০০.০৩৮.০৩.০০২২.২৫. (অংশ-২).২৪২, তারিখ: ২৪.১১.২০২৫ খ্রি। (অনুঃ ১২,২৪,২১)
(১২) ৫৪.০০.০০০০.০০০.০৩৮.০৩.০০২২.২৫. ২৫৮, তারিখ: ০৪.১২.২০২৫ খ্রি। (অনুঃ ২২)
(১৩) ৫৪.০০.০০০০.০০০.০৩৮.০৩.০০২২.২৫. ২৩৭, তারিখ: ১৩.১১.২০২৫ খ্রি। (অনুঃ ০১,০২,১০)
(১৪) ৫৪.০০.০০০০.০০০.০৩৮.০৩.০০২২.২৫. (অংশ-১).২৫৪, তারিখ: ০৪.১২.২০২৫ খ্রি। (অনুঃ ০৫)
(১৫) ৫৪.০০.০০০০.০০০.০৩৮.০৩.০০২২.২৫. (অংশ-১).২৭৭, তারিখ: ২৪/১২/২০২৫ খ্রি. (অনুঃ ২০)।

উপর্যুক্ত বিষয় ও সূত্র পত্রের প্রেক্ষিতে প্রাপ্ত এসএফআইডুক্ত আপত্তির বিএস জবাবের উপর এ কার্যালয়ের মন্তব্য আদিষ্ট হয়ে নিম্নে প্রদান করা হলো।

অনু-০১ : ঢাকা হতে যশোর পর্যন্ত রেল লাইন নির্মাণে মূল নকশার চেয়ে গড়ে ১.৭ মিটার কম উচ্চতায় (সংশোধিত নকশা অনুযায়ী) মাটি ভরাসহ অন্যান্য আইটেমের পরিমাণ কমে যাওয়া সত্ত্বেও ঠিকাদারকে অতিরিক্ত বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ২১৩০,৪২,৪৩,৮৫০.০০ (একুশত ত্রিশ কোটি বিয়াল্লিশ লক্ষ তেতাল্লিশ হাজার আটশত পঞ্চাশ) টাকা।

মন্তব্য : নকশা পরিবর্তনের ফলে কাজের পরিমাণ হ্রাস পাওয়ার বিষয়টি পরামর্শক কর্তৃক স্বীকৃত হয়েছে এবং সে অনুযায়ী অতিরিক্ত বিল নিরূপণ করা হয়েছে। যদিও GCC ক্রজ ২.৫ অনুযায়ী প্রকল্প কর্তৃপক্ষ অতিরিক্ত পরিশোধিত অর্থ সমন্বয়ের ক্ষমতা রাখে, তথাপি উক্ত ক্ষমতা এখনো বাস্তবায়ন করা হয়নি। তদুপরি, ঠিকাদারের প্রণীত নকশার ভিত্তিতে BoQ প্রণয়ন ও পরবর্তী নেগোসিয়েশন সম্পন্ন করে চুক্তি স্বাক্ষরিত হওয়া সত্ত্বেও প্রকল্প কর্তৃপক্ষের লিখিত অনুমোদন ব্যতীত নকশা বহির্ভূতভাবে কম কাজ সম্পাদনের ক্ষেত্রে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়নি, যা নিরীক্ষার দৃষ্টিতে অসংগত প্রতীয়মান হয়।

তবে বিষয়টি বর্তমানে Dispute Adjudication Board (DAB)-এ বিচারাধীন থাকায় চূড়ান্ত সিদ্ধান্ত প্রাপ্তির পূর্বে আর্থিক দায় নির্ধারণ করা সম্ভব নয়। অতএব, DAB-এর সিদ্ধান্ত প্রাপ্তির পর অতিরিক্ত পরিশোধিত অর্থ সমন্বয়/উদ্ধারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক পুনঃজবাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনু-০২ : ঢাকা হতে যশোর পর্যন্ত রেল লাইন নির্মাণে মূল স্পেসিফিকেশন চেয়ে Granular Sand স্তরের পরিমাণ গড়ে ২০০এমএম কম প্রদান করা সত্ত্বেও ঠিকাদারকে অতিরিক্ত বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ২১৬,৭৯,৭৯,৫২৭.০০ (দুইশত বোল কোটি উনসত্তর লক্ষ উনসত্তর হাজার পাঁচশত সাতাশ) টাকা।

মন্তব্য : নকশা পরিবর্তনের ফলে কাজের পরিমাণ হ্রাস পাওয়ার বিষয়টি পরামর্শক কর্তৃক স্বীকৃত হয়েছে এবং সে অনুযায়ী অতিরিক্ত বিল নিরূপণ করা হয়েছে। যদিও GCC ক্রজ ২.৫ অনুযায়ী প্রকল্প কর্তৃপক্ষ অতিরিক্ত পরিশোধিত অর্থ সমন্বয়ের ক্ষমতা রাখে, তথাপি উক্ত ক্ষমতা এখনো বাস্তবায়ন করা হয়নি। তদুপরি, ঠিকাদারের প্রণীত নকশার ভিত্তিতে BoQ

প্রণয়ন ও পরবর্তী নোটিফিকেশন সম্পন্ন করে চুক্তি স্বাক্ষরিত হওয়া সত্ত্বেও প্রকল্প কর্তৃপক্ষের লিখিত অনুমোদন ব্যতীত নকশা বহির্ভূতভাবে কম কাজ সম্পাদনের ক্ষেত্রে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়নি, যা নিরীক্ষার দৃষ্টিতে অসংগত প্রতীয়মান হয়।

তবে বিষয়টি বর্তমানে Dispute Adjudication Board (DAB)-এ বিচারাধীন থাকায় চূড়ান্ত সিদ্ধান্ত প্রাপ্তির পূর্বে আর্থিক দায় নির্ধারণ করা সম্ভব নয়। অতএব, DAB-এর সিদ্ধান্ত প্রাপ্তির পর অতিরিক্ত পরিশোধিত অর্থ সমন্বয়/উদ্ধারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক পুনঃজবাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

- অনু-০৩ :** টানকি চুক্তির শর্ত অনুযায়ী মূল চুক্তিতে বর্ণিত বিওকিউ আইটেম বৃদ্ধি করার প্রাতিশ্রুতি না থাকা সত্ত্বেও ঠিকাদারকে সুবিধা প্রদানের উদ্দেশ্যে চুক্তির বিওকিউ আইটেমকে বৃদ্ধি করে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ৭২৮,০৪,৭২,৪২৫.০০ (সাতশত আটশ কোটি চার লক্ষ বাহাঙ্গর হাজার চারশত পঁচিশ) টাকা।
- মন্তব্য :** আপত্তিটি সিএজির অডিট রিপোর্টে অন্তর্ভুক্তির লক্ষ্যে ডিপিভুক্ত ফলে রিপোর্ট শাখার মতামত গ্রহণ করে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে।
- অনু-০৪ :** দেশীয় মালামালের মূল্য বাংলাদেশী টাকার পরিবর্তে ডলারে পরিশোধ করায় ডলারের বিনিময় মূল্য হার অপেক্ষা অতিরিক্ত পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ৫১৯,৯১,৮৬,৪১৮.০০ (পাঁচশত উনিশ কোটি একানব্বই লক্ষ ছিয়াশি হাজার চারশত আঠারো) টাকা।
- মন্তব্য :** আপত্তিটি সিএজির অডিট রিপোর্টে অন্তর্ভুক্তির লক্ষ্যে ডিপিভুক্ত ফলে রিপোর্ট শাখার মতামত গ্রহণ করে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে।
- অনু-০৫ :** পদ্মা সেতু রেল সংযোগ নির্মাণ কাজকে "বিশেষায়িত কাজ" দেখিয়ে প্রাক্কলনের চেয়ে ১৭.১৫% উচ্চমূল্যে (ইপিসি/টানকি) চুক্তি করায় সরকারের আর্থিক ক্ষতি ৩৬০৬,৮৮,১০,০০০.০০ (তিন হাজার ছয়শত ছয় কোটি আটশি লক্ষ দশ হাজার) টাকা।
- মন্তব্য :** আপত্তিটি সিএজির অডিট রিপোর্টে অন্তর্ভুক্তির লক্ষ্যে ডিপিভুক্ত ফলে রিপোর্ট শাখার মতামত গ্রহণ করে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে।
- অনু-০৬ :** পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত Progress Report এর তুলনায় বেশি কাজ দেখিয়ে বিল পরিশোধ করায় ঠিকাদারকে অতিরিক্ত পরিশোধ ১০১১,১৯,৫৬,০২০.০০ (এক হাজার এগারো কোটি উনিশ লক্ষ ছান্নান লক্ষ বিশ) টাকা।
- মন্তব্য :** Progress Report এবং RFI/IPC-এর মধ্যে উল্লেখযোগ্য পার্থক্য পরামর্শক প্রতিষ্ঠানের তদারকি ও রিপোর্টিং ব্যবস্থায় গাফিলতির ইঙ্গিত বহন করে। যদিও RFI-এর ভিত্তিতে বিল প্রদান করা হয়েছে এবং সরাসরি অতিরিক্ত পরিশোধের বিষয়টি সুস্পষ্টভাবে প্রতীয়মান হয় না, তথাপি Progress Report-এ এ ধরনের গুরুতর অসামঞ্জস্য প্রশাসনিক ও কারিগরি তদারকির ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ দুর্বলতা নির্দেশ করে। অতএব, উক্ত বিষয়ে সংশ্লিষ্ট পরামর্শক প্রতিষ্ঠানের দায়দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ এবং এ বিষয়ে পুনঃজবাব দাখিলের জন্য অনুরোধ করা হলো।
- অনু-০৭ :** জমির মূল্য বাবদ অতিরিক্ত অনুদান Additional Grand of Land (AGL) এর নামে একই জমির মূল্য দ্বিতীয়বার মূল্যায়নপূর্বক অতিরিক্ত মূল্য পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ১৭১,৯৭,২৫,৮০২.০০ (একশত একাত্তর কোটি সাতানব্বই লক্ষ পঁচিশ হাজার আটশত দুই) টাকা।
- মন্তব্য :** ভূমি অধিগ্রহণ অধ্যাদেশ, ১৯৮২ অনুযায়ী উক্ত ভূমির ক্ষতিপূরণ জেলা প্রশাসক কার্যালয়ের মাধ্যমে প্রদান করা হয়েছে। কিন্তু পরবর্তীতে একই ভূমির বিপরীতে Additional Grant of Land (AGL) শিরোনামে পুনরায় অর্থ পরিশোধ করা হয়েছে, যা কার্যত একই সম্পদের জন্য দ্বৈত মূল্য পরিশোধের সমতুল্য। ফলে, AGL প্রদানের মাধ্যমে একই জমির মূল্য দ্বিতীয়বার পরিশোধ হওয়ায় সরাসরি সরকারি অর্থের ক্ষতি সংঘটিত হয়েছে। এ প্রেক্ষিতে আপত্তিতে জড়িত অর্থের দায়দায়িত্ব নির্ধারণপূর্বক তা আদায়ের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং এ বিষয়ে পুনঃজবাব দাখিলের জন্য অনুরোধ করা হলো।
- অনু-০৮ :** মন্ত্রীরা অভিশাষ পূরণের উদ্দেশ্যে ভাঙ্গা রেলওয়ে স্টেশনের ডিজাইন পরিবর্তন করে প্রকল্পের ব্যয়বৃদ্ধি করায় সরকারি অর্থের অপচয় ২৮৫,৫৬,৩৮,৯৩১.০০ (দুইশত পঁচিশ কোটি ছান্নান লক্ষ আটত্রিশ হাজার নয়শত একত্রিশ) টাকা।
- মন্তব্য :** জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কেননা প্রকল্পের শুরুতেই ভাঙ্গা রেল স্টেশনকে জংশন হিসেবে ধরা ছিল। শুধুমাত্র ব্যক্তির অভিশাষ পূরণকল্পে ডিটেইল এস্টিমেট ছাড়াই মোটাদাগে একটি লামসাম এস্টিমেট দেখিয়ে ভেরিয়েশনের মাধ্যমে ২৮৫,৫৬,৩৮,৯৩১.০০ (২৯০,৯২,৮৮,৯৪৩.০০ - ৫,৩৬,৫০,০১২.০০) টাকা বেশি ব্যয় অনুমোদন করা হয়েছে। ঠিকাদারের সহিত চুক্তির সময় ডিপিপিতে প্রাতিশ্রুতি সাম খাতে বিপুল পরিমাণ অর্থের সংস্থান রাখা ছিল। সে কারণে স্টেশন ভবন নির্মাণের জন্য মোট প্রকল্প ব্যয় বা নির্মাণ চুক্তির মোট ব্যয় বৃদ্ধি পায়নি। এখানে ব্যক্তির অভিপ্রায়কে প্রাধান্য দিতে গিয়ে রাষ্ট্রীয় অর্থের অপচয় করা হয়েছে। এতএব আপত্তিকৃত অর্থ দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যিক। ভাঙ্গা রেলওয়ে স্টেশনের ডিজাইন পরিবর্তন করে প্রকল্পের ব্যয়বৃদ্ধির সাথে জড়িত ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

- অনু-০৯ :** অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন এড়ানোর উদ্দেশ্যে ঠিকাদারের মাধ্যমে ৩৪টি এবং পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে ১০০টি গাড়ী ক্রয় করায় প্রকল্পের ব্যয় ১১০,৩৯,৬৮,১৭৯.০০ (একশত দশ কোটি উনচল্লিশ লক্ষ আটশষটি হাজার একশত উনআশি) টাকা।
- মন্তব্য :** প্রকল্প পরিচালকের কার্যালয়ের জন্য ৫টি গাড়ী ক্রয় করা হয়েছে এবং ডিপিপির মাধ্যমে অতিরিক্ত ২টি গাড়ী (ঢাকা মেট্রো ছ-৫৩-৮০৭১ ও ঢাকা মেট্রো গ-৩৩-১৫৫৬) বরাদ্দ পাওয়া যায়। এছাড়া ডিপিপির সংস্থান অনুযায়ী ৫টি প্রাইভেট কার ভাড়া নিয়ে উক্ত খাতে ২,৫৫,২৬,০০০.০০ টাকা পরিশোধ করা হয়েছে।
- পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন এড়ানোর উদ্দেশ্যে ঠিকাদার ও পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে বিপুল সংখ্যক যানবাহন ক্রয় ও ব্যবহার দেখানো হয়েছে। উল্লেখ্য, অর্থ মন্ত্রণালয়ের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৬ এর পত্র নং-০৭.১৫৬.০০.০১.২০০৪ (অংশ-১)-৫৫০, তারিখঃ ২৭-১০-২০১৬ খ্রিঃ এর যানবাহন ক্রয় সংক্রান্ত নির্দেশনা অমান্য করে অতিরিক্ত মূল্যে গাড়ী ক্রয় করা হয়েছে বলে প্রতীয়মান হয়। তদুপরি, ডিপিপির সংস্থানের বাইরে ঠিকাদার ও পরামর্শক প্রতিষ্ঠানের চুক্তিতে যানবাহন ক্রয় ও ব্যবহারের সংস্থান রাখা হয়েছে, যা প্রকল্প ব্যয় বৃদ্ধির একটি অন্যতম কারণ। এ প্রেক্ষিতে আপত্তিতে জড়িত ব্যয়ের দায়দায়িত্ব নির্ধারণপূর্বক তা আদায়ের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ, সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ এবং এ বিষয়ে পুনঃজবাব দাখিলের জন্য অনুরোধ করা হলো।
- অনু-১০ :** ঢাকা হতে যশোর রেল লাইন নির্মাণে ব্যালাস্ট (পাথর) এর স্তরের পূরক স্পেসিফিকেশনের চেয়ে গড়ে ৩৯মি.মি. কম হওয়া সত্ত্বেও ঠিকাদারকে অতিরিক্ত বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ২৫,৭১,০০,১৯৯.০০ (পঁচিশ কোটি একাত্তর লক্ষ একশত নিরানব্বই) টাকা।
- মন্তব্য :** জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। Defect Liability Period প্রায় শেষ হওয়া সত্ত্বেও প্রয়োজনীয় সংশোধন কার্যক্রম সন্তোষজনকভাবে সম্পন্ন হয়েছে মর্মে কোনো সুস্পষ্ট প্রমাণ উপস্থাপিত হয়নি।
- এমতাবস্থায়, Ballast-এর প্রকৃত অবস্থা নিরূপণের জন্য সরেজমিনে পুনঃযাচাই করা প্রয়োজন। ফলে বাস্তব যাচাই পূর্বক চূড়ান্ত মন্তব্য প্রদান করা হবে।
- অনু-১১ :** উল্লুক্ত দরপত্র ব্যতিত কোটেশনের মাধ্যমে পরামর্শক প্রতিষ্ঠানের দ্বারা জমির সীমানা পিলারের কাজ বাস্তবায়ন করায় সরকারের আর্থিক ক্ষতি ৩,৭৪,৮০,৭৩৩.০০ (তিন কোটি চুয়ান্ন লক্ষ আশি হাজার সাতশ তেত্রিশ) টাকা।
- মন্তব্য :** জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, CSC চুক্তির আওতায় Provisional Sum (PS) খাত থেকে এই ব্যয় করা হয়েছে। Provisional Sum (PS) খাতে এই ধরনের কাজের বিষয়ে উল্লেখ নেই। এছাড়া খুঁটি প্রতি প্রাক্কলিত ব্যয় এবং চুক্তিকৃত টাকার পরিমাণ ছিল ২৪,০৩৬। কিন্তু CSC কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন বিশ্লেষণে দেখা গেছে যে প্রকৃত ব্যয় খুঁটি প্রতি ৯,২৭৪ টাকা হবে। অর্থাৎ খুঁটি প্রতি অতিরিক্ত ব্যয় হয়েছে ১৪,৭৬২ টাকা, যা প্রকল্প পরিচালকের দ্বারা অনিয়মিতভাবে অনুমোদিত হয়েছে। এর ফলে সরকারের আর্থিক ক্ষতি হয়েছে। এমতাবস্থায়, আপত্তিকৃত অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণক এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- অনু-১২ :** চুক্তির শর্ত অনুযায়ী ঠিকাদার কর্তৃক নিম্ন খরচে Document Management System Software তৈরি করার প্রতিশ্রুতি থাকা সত্ত্বেও পরামর্শক প্রতিষ্ঠানের চুক্তি মাধ্যমে উক্ত সফটওয়্যার ক্রয় করে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ২৫,৭৪,৯৫,০৫০.০০ (পঁচিশ কোটি চুয়ান্ন লক্ষ পঁচানব্বই হাজার পঞ্চাশ) টাকা।
- মন্তব্য :** জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। চুক্তি মোতাবেক "The Contractor shall implement a Project wide Document Management System (DMS) for the purposes of recording metadata and storing computer files..." এ ক্ষেত্রে কেবলমাত্র জনবল সাপ্লাইয়ের বিষয়টিতেই চুক্তির শর্ত সীমাবদ্ধ নয় কারণ metadata and storing computer files ইত্যাদি আইটি সিস্টেম ডেভেলপমেন্টের সাথেই যুক্ত। ফলে উক্ত সিস্টেম ডেভেলপমেন্টের দায়দায়িত্ব সম্পূর্ণরূপে পরামর্শকের উপর পড়ে। এ বিষয়ে বিরাজমান Dispute Resolution করে জড়িত অর্থ আদায় করে পুনঃজবাব প্রেরণের অনুরোধ করা হলো।
- অনু-১৩ :** সরকারি প্রতিষ্ঠানের জমির মূল্য ব্যক্তির নামে পরিশোধ দেখিয়ে আত্মসাৎ ১১,০৫,১৮,৮২৭.০০ (এগারো কোটি পাঁচ লক্ষ আঠারো হাজার আটশত সাতাশ) টাকা।
- মন্তব্য :** জেলা প্রশাসন, ঢাকা থেকে জবাব প্রাপ্তির পর পুনঃজবাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- অনু-১৪ :** চট্টগ্রাম কাস্টমস এর পরিবর্তে জেলা স্টোরস কন্ট্রোলার শিপিং (DCOS)-কে সিডি/ভ্যাট বাবদ ৪১৭,৫০,০০,০০০.০০ (চারশত সত্তের কোটি পঞ্চাশ লক্ষ) টাকা অনিয়মিতভাবে পরিশোধ।
- মন্তব্য :** উক্ত জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, উন্নয়ন প্রকল্প সংক্রান্ত পরিপত্র নং-০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫১৮, তারিখঃ ২০/০৬/২০১৮ অনুযায়ী সিডি ভ্যাট বাবদ অর্থ সরাসরি কাস্টমস কর্তৃপক্ষের অনুকূলে হিসাব

১২৮

(Accounts Current) খুলে সেখানে অবমুক্ত অর্থ প্রেরণ করার বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু এক্ষেত্রে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক উক্ত নির্দেশনা অনুসরণ করা হয়নি।

- অনু-১৫ :** মুজিববর্ষে বিশেষ পরিচ্ছন্নতা কর্মসূচির নামে অগ্রীম গ্রহণের মাধ্যমে ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা আদায় করা হয়েছে।
- মন্তব্য :** জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। যেহেতু ইহা রেলপথ মন্ত্রণালয়ের বাজেটে প্রদেয় এবং উক্ত অর্থ প্রকল্প দপ্তর হতে ছাড় করা হয়েছে সেহেতু উক্ত আপত্তির জবাব ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে সংগ্রহ করে মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- অনু-১৬ :** পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্প প্রয়োজনের অতিরিক্ত অর্থ ডিএসসিসি কে প্রদানের মাধ্যমে উক্ত অর্থ ডিএসসিসি কর্তৃক ব্যাংকে স্থায়ী আমানত (FDR) রাখায় প্রকল্পের ব্যয় বৃদ্ধি ২০,০০,০০,০০০.০০ (বিশ কোটি) টাকা।
- মন্তব্য :** স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা-৭০ ও ৭১ অনুসারে আপত্তি নিষ্পত্তি করা হলো।
- অনু-১৭ :** ভাঙ্গা জংশন রেলস্টেশনে প্রকৃত পরিমাণের চেয়ে বেশি পরিমাণ মাটি ভরাট (Embankment Filling) দেখিয়ে ঠিকাদারকে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ৭,৩২,৬৮,৭৪৯.০০ (সাত কোটি বত্রিশ লক্ষ আটশষট্টি হাজার সাতশত ঊনপঞ্চাশ) টাকা।
- মন্তব্য :** বাস্তব যাচাই করে পরবর্তীতে মন্তব্য প্রদান করা হবে।
- অনু-১৮ :** চুক্তির শর্ত লঙ্ঘন করে Provisional Sum (PS) এর উপর ওভারহেড চার্জ প্রদান করায় আর্থিক ক্ষতি ১,৮০,৫৬,৮৪৩.০০ (এক কোটি আশি লক্ষ ছাট্টি হাজার আটশত তিরিশি) টাকা।
- মন্তব্য :** আপত্তি সিএজির অডিট রিপোর্টে অন্তর্ভুক্তির লক্ষ্যে ডিপিভুক্ত ফলে রিপোর্ট শাখার মতামত গ্রহণ করে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে।
- অনু-২০ :** পদ্মা রেল স্টেশনের Additional Structure নির্মাণের জন্য পরামর্শকে অনিয়মিতভাবে প্রদান ১,৮৭,১৭,৯৩১.০০ (এক কোটি সাতাশ লক্ষ সত্তেরো হাজার নয়শত একত্রিশ) টাকা।
- মন্তব্য :** আপত্তি সিএজির অডিট রিপোর্টে অন্তর্ভুক্তির লক্ষ্যে ডিপিভুক্ত ফলে রিপোর্ট শাখার মতামত গ্রহণ করে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে।
- অনু-২১ :** ০৫টি ব্রিজের গার্ডার এর Gap ডিজাইনের তুলনায় কম হওয়ায় ভবিষ্যতে সংঘর্ষ ও দুর্ঘটনার সম্ভাবনা রয়েছে।
- মন্তব্য :** জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। নিরীক্ষায় উত্থাপিত বিষয়টি পরামর্শকের পূর্ববর্তী পর্যবেক্ষণ থেকে উদ্ভূত, যেখানে Joint Gap ৭০ মি.মি.-এর কম হলে ভবিষ্যতে দুর্ঘটনার সম্ভাবনা থাকতে পারে মর্মে মতামত প্রদান করা হয়েছিল। এ প্রেক্ষিতে পরামর্শক প্রতিষ্ঠান কেন উক্ত সীমা নির্ধারণ করেছে এবং পরবর্তীতে উক্ত ঝুঁকি নিরসনে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা স্পষ্টভাবে উপস্থাপন করা প্রয়োজন। এছাড়া যদিও বর্তমান অবস্থায় ট্রেন চলাচলে দৃশ্যমান ঝুঁকি পরিলক্ষিত হয়নি, তথাপি Joint Gap সংক্রান্ত বিষয়টি একটি গুরুত্বপূর্ণ কারিগরি নিরাপত্তা উপাদান হওয়ায় এ বিষয়ে চূড়ান্ত নিশ্চয়তা প্রদান করা প্রয়োজন। একই সাথে বাংলাদেশ রেলওয়ের বিদ্যমান Standards/Guidelines (প্রযোজ্য ক্ষেত্রে আন্তর্জাতিক গাইডলাইন) অনুযায়ী Joint Gap-এর গ্রহণযোগ্য মান কী এবং আলোচ্য ক্ষেত্রে তা অনুসরণ করা হয়েছে কিনা সে বিষয়ে প্রাসঙ্গিক নথিপত্রসহ পুনঃ জবাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- অনু-২২ :** চুক্তি বহির্ভূতভাবে সিডি/ভ্যাট ব্যতীত গ্লোবাল ট্যাক্স পরিশোধ করায় আর্থিক ক্ষতি ২৩,৪১,৮৬৬.০০ (তেইশ লক্ষ একচল্লিশ হাজার আটশত ছেষট্টি) টাকা।
- মন্তব্য :** জবাবটি আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, চুক্তিতে কেবল CD এবং VAT হিসাব করা হয়েছিল, সুতরাং শুধুমাত্র CD/VAT পরিমাণ পরিশোধযোগ্য ছিল। কিন্তু ইনভয়েস পর্যালোচনা করার পর দেখা গেছে যে, প্রকল্প কর্তৃপক্ষ CD/VAT ছাড়া গ্লোবাল ট্যাক্স পরিশোধ করেছে যা চুক্তির মধ্যে ছিল না। পরিশোধিত গ্লোবাল ট্যাক্স সংশ্লিষ্ট ঠিকাদারের নিকট হতে আদায়পূর্বক প্রকল্প তহবিলে জমা করতে অনুরোধ করা হলো।
- অনু-২৩ :** পরিশোধিত রিসেটলমেন্ট গ্রান্ড বাবদ প্রদত্ত অর্থ থেকে আইটি (IT) কর্তন না করায় সরকারে আর্থিক ক্ষতি ৫,৪৮,৭৬,৮৫৫.০০ (পাঁচ কোটি আটচল্লিশ হাজার আটশত পঞ্চাশ) টাকা।
- মন্তব্য :** জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, উক্ত টাকা যেহেতু ভূমির মালিকগণকে ভূমির মূল্যের অতিরিক্ত হিসাবে প্রদান করা হয়েছে সুতরাং প্রদানকৃত অর্থ থেকে আইটি কর্তন করলে এ কার্যালয়ে প্রমাণক প্রেরণের জন্য অনুরোধ করা যেতে পারে।

- অনু-২৪ : কাক্সনিক প্রাক্কলনের মাধ্যমে প্রকল্প হতে অর্থ গ্রহণের ৬ বছর পরেও কাজ না করে ডিএসসিসি'র তহবিলে রাখায় প্রকল্পের ব্যয় বৃদ্ধি ৪,৭১,৪৯,১৩৬.০০ (চার কোটি একাত্তর লক্ষ উনপঞ্চাশ হাজার একশত ছত্রিশ) টাকা।
- মন্তব্য : জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। যেহেতু উক্ত অর্থ রেলপথ মন্ত্রণালয়ের এবং প্রকল্প দপ্তর হতে ছাড় করা হয়েছে সেহেতু উক্ত আপত্তির জবাব ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে সংগ্রহ করে মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা যেতে পারে।
- অনু-২৫ : অব্যয়িত অর্থ প্রকল্পের তহবিলে ফেরত প্রদান না করায় প্রকল্পের আর্থিক ক্ষতি ৩,৩৫,১৭,২৬৮.০০ (তিন কোটি পঁয়ত্রিশ লক্ষ সতেরো হাজার দুইশত আটষট্টি) টাকা।
- মন্তব্য : জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। যেহেতু উক্ত অর্থ রেলপথ মন্ত্রণালয়ের এবং প্রকল্প দপ্তর হতে ছাড় করা হয়েছে সেহেতু উক্ত আপত্তির জবাব ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে সংগ্রহ করে মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা যেতে পারে।
- অনু-২৬ : প্রাক্কলনের মাধ্যমে অতিরিক্ত গৃহীত অর্থ প্রকল্পের তহবিলে ফেরত প্রদান না করায় প্রকল্পের আর্থিক ক্ষতি ১,৯০,৫৩,৫২৭.০০ (এক কোটি নব্বই লক্ষ ত্রিশ হাজার পাঁচশত সাতাশ) টাকা।
- মন্তব্য : জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। যেহেতু উক্ত অর্থ রেলপথ মন্ত্রণালয়ের এবং প্রকল্প দপ্তর হতে ছাড় করা হয়েছে সেহেতু উক্ত আপত্তির জবাব ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে সংগ্রহ করে মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা যেতে পারে।
- অনু-২৭ : প্রকল্পের জন্য নির্ধারিত ব্যাংক হিসাব হতে অন্য হিসাবে অর্থ স্থানান্তরের মাধ্যমে প্রকল্পের আর্থিক ক্ষতি ২,৪৫,২৮,৮৯৩.০০ (দুই কোটি পঁয়ত্রিশ লক্ষ আটশ হাজার তিরানব্বই) টাকা।
- মন্তব্য : জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। যেহেতু উক্ত অর্থ রেলপথ মন্ত্রণালয়ের এবং প্রকল্প দপ্তর হতে ছাড় করা হয়েছে সেহেতু উক্ত আপত্তির জবাব ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে সংগ্রহ করে মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- অনু-২৮ : প্রকল্পের অর্থ দিয়ে ডিএসসিসি'র রাস্তার কাজের প্রাপ্যের অতিরিক্ত বালু ভরাটের মেজারমেন্ট এমবিতে গ্রহণ করে ঠিকাদারের বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ১২,০২,৭৯০.০০ (বারো লক্ষ দুই হাজার সাতশত নব্বই) টাকা।
- মন্তব্য : এমবি নং-৪৪৬/২০-২১, পৃঃ ৬৪-৬৮ অনুযায়ী Sub Base (WBM) বাবদ ৩,৩৮৩.৩৭ ব.মি. $\times$ ০.৪৫০ মি. = ১,৫২২.৫২ ঘনমিটার মেজারমেন্ট গ্রহণ করা হয়েছে। তবে বালি ভরাটের মেজারমেন্ট থেকে Base (WBM) বাবদ এই পরিমাণ বাদ না দিয়েই বিল পরিশোধ করা হয়েছে। এখানে, বালির মোট পরিমাণ থেকে ১,৫২২.৫২ ঘনমিটার বাদ দেওয়ার প্রয়োজন রয়েছে। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এমবিবি নং-৪৪৬/২০-২১-এর পরিবর্তে ৪৬৮/২৩-২৪ এমবি বুক প্রেরণ করেছেন। এতএব $(১৫২২.৫২ \times ৭৯০) = ১২,০২,৭৯০$ টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করত: প্রয়োজনীয় প্রমাণক প্রেরণ এবং এ বিষয়ে পুনঃজবাব দাখিলের জন্য অনুরোধ করা হলো।
- অনু-২৯ : পদ্মা সেতু রেল লিংক প্রকল্প হতে হতে ডিএসসিসি'তে প্রেরিত ৪৭,২৮,১৬৯.০০ (সাতচল্লিশ লক্ষ আটশ হাজার একশত উনসত্তর) টাকার হিসাব না পাওয়ায় অনিয়ম।
- মন্তব্য : জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। যেহেতু উক্ত অর্থ রেলপথ মন্ত্রণালয়ের এবং প্রকল্প দপ্তর হতে ছাড় করা হয়েছে সেহেতু উক্ত আপত্তির জবাব ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে সংগ্রহ করে মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা যেতে পারে।
- অনু-৩০ : ভূমি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক এলএ কেসের বিপরীতে অধিগ্রহণকৃত খাসজমির মূল্য বাবদ ক্ষতিপূরণের টাকা কোড ১-৪৬৩১-০০০০-২১৪১১০১ তে জমা না করায় আর্থিক ক্ষতি ১১২,৪৪,১৭,৫৯৫.০০ (একশত বারো কোটি চুয়াল্লিশ লক্ষ সতেরো হাজার পাঁচশত পঁচানব্বই) টাকা।
- মন্তব্য : জেলা প্রশাসন, ঢাকা, নারায়ণগঞ্জ ও গোপালগঞ্জ থেকে জবাব প্রাপ্তির পর পুনঃজবাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- অনু-৩১ : ভূমি অধিগ্রহণের বিল পরিশোধকালে কর্তনকৃত আয়কর সরকারি কোষাগারে জমা প্রদান না করায় দত্ত সুদসহ সরকারের সরকারি কোষাগারে জমাযোগ্য ৭,২০,৪১,১২৯.০০ (সাত কোটি বিশ লক্ষ একচল্লিশ হাজার একশত উনত্রিশ) টাকা।
- মন্তব্য : জেলা প্রশাসন, ঢাকা, নারায়ণগঞ্জ ও গোপালগঞ্জ থেকে জবাব প্রাপ্তির পর পুনঃজবাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- অনু-৩২ : প্রকল্প কার্যালয় হতে প্রাপ্যতার থেকে বেশি আনুসঙ্গিক খরচ গ্রহণ করায় প্রকল্পের ব্যয় বৃদ্ধি ৭১,৩৭,১৫,৬৩৬.০০ (একাত্তর কোটি সাতত্রিশ লক্ষ পনেরো হাজার ছয়শত ছত্রিশ) টাকা।
- মন্তব্য : জেলা প্রশাসন, ঢাকা থেকে জবাব প্রাপ্তির পর পুনঃজবাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৬০৬

অনু-৩৩ : ভূমি অধিগ্রহণের জন্য ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থের মধ্যে স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিদেরকে প্রদান করা হয়নি ১৯৭,৬৮,৪৫,০৯৫.০০ (একশত সাতানব্বই কোটি আটব্বি লক্ষ পঁয়তাল্লিশ হাজার পঁচানব্বই) টাকা।

মন্তব্য : জেলা প্রশাসন, ঢাকা, নারায়ণগঞ্জ ও গোপালগঞ্জ থেকে জবাব প্রাপ্তির পর পুনঃজবাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনু-৩৪ : ভূমি অধিগ্রহণের বিল পরিশোধের সময় আয়কর কর্তন না করায় দণ্ড সুদসহ সরকারের আর্থিক ক্ষতি ৩৩,৩৫,৩৪২.০০ (তেরিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার তিনশত বিয়াল্লিশ) টাকা।

মন্তব্য : জেলা প্রশাসন, নারায়ণগঞ্জ থেকে জবাব প্রাপ্তির পর পুনঃজবাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


(মোঃ শাহনেওয়াজ শাহীন)
উপপরিচালক
সেক্টর-০৫
ফোন: ০২-২২৬৬৩৬০৭।

সচিব
রেলপথ মন্ত্রণালয়
১৬ আব্দুল গনি রোড, রেল ভবন, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ: উপসচিব, অডিট শাখা-০২]

নম্বর: ৮২.০৮.০০০০.৫৫২.৫৪.০২৪.২৫-

তারিখ: ১০/৫/২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, বাংলাদেশ-রেলওয়ে, রেলভবন, আব্দুল গনি রোড, ঢাকা-১০০০।
- ২। Project Director, Padma Bridge Rail Link Project, Rail Bhabon, Abdul Goni Road, Dhaka-1000.
- ৩। গার্ড ফাইল।
- ৪। অফিস কপি।

(নুরুন্নাহার আক্তার বকুল)
অডিট এন্ড একাউন্টস অফিসার
সেক্টর-০৫।